

# সিলেটে শতভাগ পাসের প্রতিষ্ঠান কমেছে

সিলেট অফিস

২৭ নভেম্বর, ২০২৩  
১১:০৫

শেয়ার

অ +

অ -



শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে সিলেটে। ফাইল ছবি

সিলেট বোর্ডে পাসের হার ও জিপিএ ৫ কমেছে। তবে পরীক্ষার্থীর সংখ্যা বেড়েছে। গত বছর রেকর্ড পরিমাণ জিপিএ ৫ পেয়েছিল। বিগত বছরগুলোর ধারাবাহিকতায় এবারও ফলাফলে ছেলদের চেয়ে মেয়েরা এগিয়ে।

এবার সিলেট বোর্ডে পাসের হার ৭১.৬২ শতাংশ, যা গত বছরের তুলনায় ৯.৭৮ শতাংশ কম। গত বছর পাসের হার ছিল ৮১.৪০ শতাংশ। চলতি বছর জিপিএ ৫ পেয়েছে এক হাজার ৬৯৯ জন শিক্ষার্থী। গত বছর জিপিএ ৫ পেয়েছিল চার হাজার ৮৭১ জন।

গতকাল এসব তথ্য জানিয়েছেন পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক অরুণ চন্দ্র পাল।

অরুণ চন্দ্র পাল জানান, শতভাগ পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা কমেছে। এবার মাত্র দুটি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। আগের বছর ১১টি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শতভাগ পাস করেছিল।